

অনুগ্রহ করে এলিমেন্টারি ভর্তি সংক্রান্ত একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে আমাদের সাথে যোগ দিন

প্রিয় পরিবারবর্গ,

এলিমেন্টারি ভর্তি সংক্রান্ত একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে আমাদের সাথে যোগ দিন।

2019, 2020, ও 2021-এ জন্মগ্রহণকারী ছেলেমেয়ে আছে এমন সকল NYC পরিবারকে 3-K, প্রি-K, এবং কিন্ডারগার্টেনে (এতে অন্তর্ভুক্ত গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড) ভর্তি সংক্রান্ত একটি ভার্চুয়াল তথ্য অধিবেশনে আমাদের সাথে যোগ দিতে আমন্ত্রণ জানানো হচ্ছে। উপস্থাপনার পর, আমরা আপনার প্রশ্নাবলীর জবাব দিব

প্রতিটি অধিবেশনে আমরা আপনাদের এলিমেন্টারি ভর্তি প্রক্রিয়ার প্রতিটি সম্পর্কে বিশদভাবে জানাবো। আমরা [MySchools.nyc](https://www.myschools.nyc.gov)-এ অনলাইন স্কুল ডিরেক্টরি ব্যবহার করে স্কুল ও প্রোগ্রামসমূহ, এবং সেগুলোর অগ্রাধিকারসমূহ সম্পর্কে কীভাবে জানা যায়, সেসব আলোচনা করবো। কীভাবে একটি জোরালো ও ভারসাম্যপূর্ণ আবেদন তৈরি করতে হয় এবং কীভাবে আবেদন করতে হয়, আমরা সেটাও আলোচনা করবো। অনুগ্রহ করে জেনে রাখুন কিন্ডারগার্টেনে আবেদনের সময় এখন শেষ; যারা সময়সীমাটি ধরতে পারেননি, সেসব পরিবারের জন্য অধিবেশন চলাকালে আমরা অপেক্ষা-তালিকা নিয়ে কথা বলবো।

সকল অনুষ্ঠান ইংরেজি এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)-এ হবে, এবং এর পাশাপাশি বিভিন্ন ভাষায় দোভাষী সেবার ব্যবস্থা থাকবে। প্রতিটি অনুষ্ঠানে একই তথ্য আলোচিত হবে, সুতরাং একাধিক অনুষ্ঠানে যোগ দিতে হবে না।

- 7 ফেব্রুয়ারি, 2pm থেকে 3pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: স্প্যানিশ, বাংলা, কোরিয়ান
- 15 ফেব্রুয়ারি, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লিখিত ভাষাগুলোতে দোভাষী সেবা প্রদান করা হবে: রাশিয়ান, হেশিয়ান ক্রিওল, আরবি

কীভাবে অংশগ্রহণ করতে হবে:

প্রতিটি অনুষ্ঠান সরাসরি (লাইভ) অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি শুরু হওয়ার সময় এখানে ক্লিক করে আমাদের সাথে জুম (Zoom)-এ যোগ দিন: <https://bit.ly/ESEvents2023-2024>

- ওয়েবিনার ID: 939 3029 2133
- পাসকোড: 123456
- যুক্তরাষ্ট্র: +16469313860
- ফোনে অডিও-এর জন্য:
 - কনফারেন্স লাইন: 93930292133#
 - পাসকোড: 123456#
- **দোভাষী সেবার জন্য:** অনুষ্ঠানের আগে [Schools.nyc.gov/ESEvents](https://schools.nyc.gov/ESEvents) দেখুন, যেখানে আপনি দোভাষী সেবার জন্য ফোন করতে ফোন নম্বর পাবেন।

অংশগ্রহণে অপারগ অথবা আরো জানতে চান?

- আমাদের [ইভেন্ট ওয়েবসাইট](https://schools.nyc.gov/ESEvents) দেখুন (schools.nyc.gov/ESEvents) সেখানে এই উপস্থাপনার একটি রেকর্ডিং লভ্য।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম
অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট